গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসারের কার্যালয়
চট্টগ্রাম ক্যান্টনমেন্ট বোর্ড
চট্টগ্রাম সেনানিবাস
**প্রশাসন শাখা**
www.cbctg.gov.bd

স্মারক নম্বর ২৩.২২.০০০০.৭০৪.০১১.২৩.০০০৩.২৪. | তারিখঃ ১০ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ / ২৪ মার্চ ২০২৬ খ্রিষ্টাব্দ

**বিষয় : '২৫ মার্চ গণহত্যা দিবস-২০২৬ এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৬' যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষ্যে অনুষ্ঠিত প্রতিরক্ষা মন্ত্রণালয়ের কার্যবিবরণীতে গৃহীত কর্মসূচি ও সিদ্ধান্ত অবহতিকরণ ও বাস্তবায়ন।**

সূত্র : সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা সেনানিবাসের ১৬ মার্চ ২০২৬ খ্রি. তারিখের ২৩.২২.২৬০৮.০০০.০১১.২৩.০০২১.২৬-২৬৫ নং পত্র ও তৎসংযুক্ত প্রতিরক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং ২৩.০০. ০০০০.১১০.২৩.০০৩৯.২৬.৪৩৮, তারিখ: ১৫ মার্চ ২০২৬ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৬ যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষ্যে প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ১৫ মার্চ ২০২৬ খ্রি. তারিখ সভা অনুষ্ঠিত হয়। সভার কার্যবিবরণীর ছায়ালিপি এসাথে প্রেরণ করা হলো। উক্ত কার্যবিবরণীর ক্রমিক নং ২.১, ২.২, ২.৪, ২.৭, ২.১১, ২.১২, ২.১৪, ২.১৬ এ উল্লিখিত কর্মসূচি/সিদ্ধান্তের বিষয়ে স্থানীয় কর্তৃপক্ষের সাথে সমন্বয় করতঃ কর্মসূচি প্রণয়নপূর্বক বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো। একইসাথে বর্ণিত কর্মসূচি সম্পাদন শেষে এ দপ্তরে ০২ (দুই) সেট প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০৩ (তিন) পাতা।

(সাইদুজ্জামান চৌধুরী)
ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার
চট্টগ্রাম সেনানিবাস
ফোন-০২৩৩৯২৪৩১৬২
ইমেইল: ceo_chattogram@dmlc.gov.bd
cbchittagong@gmail.com

প্রধান শিক্ষক
চট্টগ্রাম ক্যান্টনমেন্ট বোর্ড উচ্চ বিদ্যালয়/
বায়েজিদ বোস্তামী ক্যান্টনমেন্ট বোর্ড উচ্চ বিদ্যালয়/
বীরশ্রেষ্ঠ মহিউদ্দিন জাহাঙ্গীর ক্যান্টনমেন্ট বোর্ড উচ্চ বিদ্যালয়/
বাংলাদেশ মিলিটারি একাডেমি উচ্চ বিদ্যালয়/
শহীদ লেঃ জিএম মুশফিক বীর উত্তম উচ্চ বিদ্যালয়।

স্মারক নম্বর ২৩.২২.৭০০৪.০০০.০১১.২৩.০০০৩.২৪. | তারিখঃ ১০ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ / ২৪ মার্চ ২০২৬ খ্রিষ্টাব্দ

**সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:**
১। মহাপরিচালক, সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা সেনানিবাস।
২। আইসিটি সেল, চট্টগ্রাম ক্যান্টনমেন্ট বোর্ড, চট্টগ্রাম সেনানিবাস (ওয়েবসাইটে প্রকাশের জন্য)

**স্বা:-**
সাইদুজ্জামান চৌধুরী
ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার

e:\000\011\23 docx /18

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর
প্রতিরক্ষা মন্ত্রণালয়
ঢাকা সেনানিবাস,ঢাকা
www.dmlc.gov.bd

| | |
|---|---|
| সি ই ও | |
| সহকারী | |
| কার্যক্রম | |
| ডায়েরী নং | তারিখ |

নং:২৩.২২.২৬০৮.০০০.০১১.২৩.০০২১.২৬-২৬৫

তারিখ: ০২ চৈত্র ১৪৩২
১৬ মার্চ ২০২৬

**বিষয়: '২৫ মার্চ গণহত্যা দিবস-২০২৬' এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৬' যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষ্যে অনুষ্ঠিত প্রতিরক্ষা মন্ত্রণালয়ের কার্যবিবরণীতে গৃহীত কর্মসূচি ও সিদ্ধান্ত অবহিতকরণ ও বাস্তবায়ন।**

সূত্র: প্রতিরক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং২৩.০০.০০০০.১১০.২৩.০০৩৯.২৬.৪৩৮ তারিখ: ১৫ মার্চ ২০২৬ ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোস্থ স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৬ যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষ্যে প্রতিরক্ষা মন্ত্রণালয়ে বিগত ১৫/০৩/২০২৬ সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণীর ছায়ালিপি এসাথে প্রেরণ করা হলো। উক্ত কার্যবিবরণীর ক্রমিক নং ২.১, ২.২, ২.৭, ২.১১, ২.১২, ২.১৪, ২.১৬ এ উল্লিখিত কর্মসূচি/সিদ্ধান্তের বিষয়ে স্থানীয় কর্তৃপক্ষের সাথে সমন্বয় করতঃ কর্মসূচি প্রণয়নপূর্বক বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো। একইসাথে বর্ণিত কর্মসূচি সম্পাদন শেষে এ অধিদপ্তরে প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: .........................পাতা

১৬/০৩/২০২৬

(শামীমা শরমিন)
সহকারী পরিচালক (প্রশাসন)
ফোন: ৮৭১৫৬৯৫
E-mail: adadmn@dmlc.gov.bd

১। সামরিক ভূ-সম্পত্তি প্রশাসক, সেন্ট্রাল/ইস্টার্ন/নর্দার্ণ/সিলেট সার্কেল, ঢাকা/চট্টগ্রাম/বগুড়া/সিলেট সেনানিবাস।
২। ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার (সকল)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রতিরক্ষা মন্ত্রণালয়
শাখা ডি-১১ (প্রশাসন)
www.mod.gov.bd

নম্বর: ২৩.০০.০০০০.০০০.১১০.২৩.০০৩৯.২৬ তারিখ: ০১ চৈত্র ১৪৩২/১৫ মার্চ ২০২৬

বিষয়: '২৫শে মার্চ গণহত্যা দিবস ২০২৬' এবং '২৬শে মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৬' উদ্‌যাপন উপলক্ষ্যে সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ আশরাফ উদ্দিন<br>সচিব<br>প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা। |
| সভার তারিখ ও সময় | : | ১৫ মার্চ ২০২৬, বিকাল ০৩.০০টা। |
| সভার স্থান | : | সম্মেলন কক্ষ। |
| সভার উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক'। |

সভাপতি ২৫শে মার্চ গণহত্যা দিবস ২০২৬ পালন এবং মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৬ উদ্‌যাপন উপলক্ষে সভায় উপস্থিত সকলকে স্বাগত জানান। তিনি বলেন, ১৯৭১ সালে ২৫ মার্চের কালো রাতে শহিদদের আত্মত্যাগ বাঙালি জাতিকে স্বাধীনতা অর্জন না করা পর্যন্ত জীবন বাজি রেখে যুদ্ধ চালিয়ে যেতে অনুপ্রাণিত করে। ২৫ মার্চ কালো রাতে এবং মহান মুক্তিযুদ্ধে আত্মদানকারী সকল বীর শহিদদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন ও আত্মার মাগফেরাত কামনা করেন। অতঃপর ২৫শে মার্চ গণহত্যা দিবস এবং ২৬শে মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৬ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের লক্ষ্যে ২৭ জানুয়ারি ২০২৬ তারিখে অনুষ্ঠিত মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করতে বলেন। সভাপতির অনুমোদনক্রমে এ মন্ত্রণালয়ের উপসচিব (ডি-১১ শাখা) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সভার কার্যবিবরণী সভায় পাঠ করেন।

২। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক জাতীয় পর্যায়ে গৃহীত কর্মসূচি বিস্তারিত আলোচনান্তে ২৫শে মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৬ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের লক্ষ্যে এ মন্ত্রণালয়ের আওতায় কর্মসূচি গ্রহণ করা হয়; যা নিম্নরূপ:

(ক) ২৫শে মার্চ গণহত্যা দিবস ২০২৬ পালন উপলক্ষ্যে প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক গৃহীত কর্মসূচি:

| ক্রমিক | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক গৃহীত কর্মসূচি/সিদ্ধান্ত | প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক গৃহীত কর্মসূচি/সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ২.১ | ২০-০৩-২০২৬ থেকে ২৫-০৩-২০২৬ তারিখ পর্যন্ত (সুবিধাজনক দিন/সময়ে) স্কুল/কলেজ/মাদ্রাসা/কারিগরিসহ সকল শিক্ষা প্রতিষ্ঠানে বিশিষ্ট ব্যক্তি/বীর মুক্তিযোদ্ধাদের সমন্বয়ে ২৫ মার্চ গণহত্যা ও ঐতিহাসিক মহান মুক্তিযুদ্ধ সম্পর্কে স্মৃতিচারণ ও আলোচনা সভা আয়োজন। | প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা কর্তৃক ২.১ ক্রমিকের সিদ্ধান্ত বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | ১। সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর।<br>২। ক্যাডেট কলেজসমূহ।<br>৩। শিক্ষা পরিদপ্তর, সেনা/নৌ/বিমান সদর।<br>৪। বিইউপি।<br>৫। এমআইএসটি। |
| ২.২ | ২৫-০৩-২০২৬ তারিখ বাদ জোহর/সুবিধাজনক সময়ে সারাদেশে ২৫ মার্চের রাতে নিহতদের স্মরণে বিশেষ মোনাজাত/প্রার্থনা। | প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক ২৫শে মার্চ ২০২৬ তারিখ বাদ জোহর গণভবন জামে মসজিদে বিশেষ দোয়া মাহফিল আয়োজন করা হবে। মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহ তাঁদের সুবিধাজনক সময়ে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অনুবিভাগ প্রধান (অনু-২) ও মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থা। |
| ২.৩ | ২৫-০৩-২০২৬ তারিখ সারাদেশে রাত ১০.৩০ থেকে ১০.৩১ পর্যন্ত ০১(এক) মিনিটের প্রতীকী ব্ল্যাক-আউট (কেপিআই/জরুরি স্থাপনা ব্যতীত)। | ২.৩ ক্রমিকের সিদ্ধান্ত (কেপিআই/জরুরি স্থাপনা ব্যতীত) বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অনুবিভাগ প্রধান (অনু-২) ও মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থা। |

(খ) ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৬ পালন উপলক্ষ্যে প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক গৃহীত কর্মসূচি:

| ক্রমিক | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক গৃহীত কর্মসূচি/সিদ্ধান্ত | প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক গৃহীত কর্মসূচি/সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ২.৪ | (ক) সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত এবং বেসরকারি ভবনে জাতীয় পতাকা উত্তোলন (ঐদিন সূর্যোদয়ের সাথে সাথে)। | প্রতিরক্ষা মন্ত্রণালয় ও মন্ত্রণালয়ের আওতাধীন সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা কর্তৃক ২.৪ ক্রমিকের সিদ্ধান্ত বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অনুবিভাগ প্রধান (অনু-২) ও মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থা। |
| ২.৫ | গুরুত্বপূর্ণ সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত এবং বেসরকারি ভবন/স্থাপনাসূমহে আলোকসজ্জা। **(কোনক্রমেই ২৫/০৩/২০২৫ তারিখ আলোকসজ্জা করা যাবে না)**। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ০৯ মার্চ ২০২৬ তারিখের ২৮ নম্বর স্মারকমূলে বর্তমান জ্বালানী পরিস্থিতি বিবেচনা করে এ বছর আলোকসজ্জা না করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়েছে বিধায় প্রতিরক্ষা মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থায় 'মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৬' উদ্‌যাপন উপলক্ষ্যে আলোকসজ্জা না করার সিদ্ধান্ত গ্রহণ করা হলো। | (ক) প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অনুবিভাগ প্রধান (অনু-২) ও মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থা; এবং<br>(খ) সংশ্লিষ্ট গণপূর্ত (ই/এম) বিভাগ। |
| ২.৬ | (ক) সূর্যোদয়ের সাথে সাথে ঢাকায় একত্রিশবার তোপধ্বনি;<br>(খ) সূর্যোদয়ের সাথে সাথে জেলা ও উপজেলায় একত্রিশবার তোপধ্বনি। | প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা কর্তৃক ২.৬ ক্রমিকের সিদ্ধান্ত বাস্তবায়নে স্ব-স্ব ব্যবস্থাপনায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন বাহিনীত্রয়সহ সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা। |
| ২.৭ | ২৬-০৩-২০২৬ তারিখ সকাল ০৮:০০টায় দেশের সকল বিভাগ, জেলা এবং উপজেলা পর্যায়ে জাতীয় পতাকা উত্তোলন, জাতীয় সংগীত পরিবেশন, শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের সমাবেশ, কুচকাওয়াজ ও ডিসপ্লে প্রদর্শন। | প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা কর্তৃক ২.৭ ক্রমিকের সিদ্ধান্ত বাস্তবায়নে স্ব-স্ব ব্যবস্থাপনায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | ১। সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর।<br>২। ক্যাডেট কলেজসমূহ।<br>৩। শিক্ষা পরিদপ্তর, সেনা/নৌ/বিমান সদর।<br>৪। বিইউপি।<br>৫। এমআইএসটি। |
| ২.৮ | ২৩ মার্চ ২০২৬ থেকে ৩১ মার্চ ২০২৬ পর্যন্ত এ বছর সমরাস্ত্র প্রদর্শনী হবে না। | ২.৮ ক্রমিকের সিদ্ধান্ত বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | সশস্ত্র বাহিনী বিভাগ |
| ২.৯ | বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসসমূহে স্বাধীনতা ও মুক্তিযুদ্ধ সম্পর্কিত আলোচনা সভা আয়োজন (বিদেশি অধ্যাপক/ প্রথিতযশা নাগরিক/ স্থানীয় প্রশাসন/ গণমাধ্যম ব্যক্তিবর্গ/ শিল্পী-সাহিত্যিক/ রাজনৈতিক ব্যক্তিবর্গ/ বিদেশে অবস্থানরত বাংলাদেশিদের অংশগ্রহণে) | প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা কর্তৃক ২.৯ ক্রমিকের সিদ্ধান্ত বাস্তবায়নে স্ব-স্ব ব্যবস্থাপনায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অনুবিভাগ প্রধান (অনু-২) ও মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থা। |
| ২.১০ | চট্টগ্রাম, খুলনা, মংলা ও পায়রা বন্দর, ঢাকার সদরঘাট, পাগলা (নারায়ণগঞ্জ) ও বরিশালসহ বিআইডব্লিউটিসি এর ঘাটে বাংলাদেশ নৌ-বাহিনী ও বাংলাদেশ কোস্টগার্ড একক/ যৌথভাবে এবং চাঁদপুর ও মুন্সীগঞ্জ লঞ্চঘাটে বাংলাদেশ কোস্টগার্ডের জাহাজসমূহ সকাল ৯টা হতে ঐদিন সূর্যাস্ত পর্যন্ত জনসাধারণের দর্শনের জন্য উন্মুক্ত রাখা। | ২.১০ ক্রমিকের সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য বাংলাদেশ নৌবাহিনী কর্তৃক এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | বাংলাদেশ নৌবাহিনী |
| ২.১১ | জেলা এবং উপজেলা পর্যায়ে প্রদর্শনী ফুটবল ম্যাচ/ T-20 ক্রিকেট/কাবাডি/হা-ডু-ডু ইত্যাদি খেলা আয়োজন। | প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা কর্তৃক ২.১১ ক্রমিকের সিদ্ধান্ত বাস্তবায়নে স্ব-স্ব ব্যবস্থাপনায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | ১। সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর।<br>২। ক্যাডেট কলেজসমূহ।<br>৩। শিক্ষা পরিদপ্তর, সেনা/নৌ/বিমান সদর।<br>৪। বিইউপি।<br>৫। এমআইএসটি। |

| ক্রমিক | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক গৃহীত কর্মসূচি/সিদ্ধান্ত | প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক গৃহীত কর্মসূচি/সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ২.১২ | ঢাকাসহ দেশের সব জেলা ও উপজেলা পর্যায়ে সিনেমা হলসমূহে ছাত্র-ছাত্রীদের জন্য বিনা টিকিটে মুক্তিযুদ্ধ ভিত্তিক চলচ্চিত্র প্রদর্শনী এবং জেলা ও উপজেলা পর্যায়ে মিলনায়তনে/উন্মুক্ত স্থানে বস্তুনিষ্ঠ ও নৈর্ব্যক্তিক মুক্তিযুদ্ধভিত্তিক প্রামাণ্য চিত্র প্রদর্শনীর আয়োজন। | সারা দেশের বিভিন্ন ক্যান্টনমেন্টের অডিটরিয়ামসমূহে ছাত্র-ছাত্রীদের জন্য বিনা টিকেটে মুক্তিযুদ্ধভিত্তিক প্রমাণ্যচিত্র প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করা হবে। | ১। সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর।<br>২। ক্যাডেট কলেজসমূহ।<br>৩। শিক্ষা পরিদপ্তর, সেনা/নৌ/বিমান সদর।<br>৪। বিইউপি।<br>৫। এমআইএসটি। |
| ২.১৩ | (ক) সরকারি ও বেসরকারি/স্বায়ত্তশাসিত সংস্থার জাদুঘরসমূহ সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত বিনা টিকিটে জনসাধারণের জন্য উন্মুক্ত রাখা;<br>(খ) দেশের সকল সরকারি ও বেসরকারি বিনোদনমূলক স্থান শিশুদের জন্য সকাল-সন্ধ্যা উন্মুক্ত রাখা এবং বিনা টিকিটে প্রদর্শনীর ব্যবস্থা রাখা। | প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা কর্তৃক ২.১৩ ক্রমিকের সিদ্ধান্ত বাস্তবায়নে স্ব-স্ব ব্যবস্থাপনায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | ১। সামরিক জাদুঘর কর্তৃপক্ষ।<br>২। বিমান বাহিনী জাদুঘর কর্তৃপক্ষ।<br>৩। নৌ বাহিনী জাদুঘর কর্তৃপক্ষ।<br>৪। বিএনসিসি। |
| ২.১৪ | শহিদ মুক্তিযোদ্ধাদের বিদেহী আত্মার মাগফেরাত, মুক্তিযুদ্ধাদের সুস্বাস্থ্য এবং জাতির শান্তি, সমৃদ্ধি ও অগ্রগতি কামনা করে সকল মসজিদ, মন্দির, গীর্জা, প্যাগোডা ও অন্যান্য উপাসনালয়ে বিশেষ মোনাজাত/প্রার্থনা। | প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক ২৬ মার্চ ২০২৬ তারিখ বাদ জোহর গণভবন জামে মসজিদে বিশেষ দোয়া মাহফিল আয়োজন করা হবে। মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহ স্ব-স্ব ব্যবস্থাপনায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অনুবিভাগ প্রধান (অনু-২) ও মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থা। |
| ২.১৫ | মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষ্যে গৃহীত কর্মসূচি অনুযায়ী দেশের সকল সরকারি হাসপাতাল, জেলখানা, সরকারি শিশু পরিবার, পথশিশু পুনর্বাসন কেন্দ্র, শিশু উন্নয়ন কেন্দ্র, প্রতিবন্ধী কল্যাণ কেন্দ্র, বৃদ্ধাশ্রম, ভবঘুরে পুনর্বাসন কেন্দ্র ও শিশু দিবাযত্ন কেন্দ্রসমূহে প্রীতিভোজের আয়োজন। | ২.১৫ ক্রমিকের সিদ্ধান্ত বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | সামরিক চিকিৎসা সার্ভিস মহাপরিদপ্তরসহ সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা। |
| ২.১৬ | (ক) রচনা, আবৃত্তি এবং চিত্রাঙ্কন প্রতিযোগিতা আয়োজন;<br>(খ) সকল শিক্ষা প্রতিষ্ঠানে (সুবিধাজনক সময়ে) মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের তাৎপর্য তুলে ধরে আলোচনা সভা। | প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা কর্তৃক ২.১৬ ক্রমিকের সিদ্ধান্ত বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | ১। সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর।<br>২। ক্যাডেট কলেজসমূহ।<br>৩। শিক্ষা পরিদপ্তর, সেনা/নৌ/বিমান সদর।<br>৪। বিইউপি।<br>৫। এমআইএসটি। |

৩। প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থা কর্তৃক ২৫শে মার্চ গণহত্যা দিবস এবং ২৬শে মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের সঙ্গে সঙ্গতি রেখে স্ব-স্ব ব্যবস্থাপনায় কর্মসূচি পালন নিশ্চিত করতে হবে (মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের এতদসংক্রান্ত কার্যবিবরণী ইতঃপূর্বে প্রেরণ করা হয়েছে)। এ বিষয়ে নতুন কোন নির্দেশনা পাওয়া গেলে তা জানিয়ে দেওয়া হবে।

৪। মহান স্বাধীনতা ও জাতীয় দিবসে প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা/কর্মচারীকে দিবসের প্রতিটি কর্মসূচিতে অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।

৫। সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
১৫-০৩-২০২৬
(মোঃ আশরাফ উদ্দিন)
সচিব
প্রতিরক্ষা মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা
প্রশাসন - ২ শাখা (সেবা, ক্রয় ও দিবস উদযাপন)

www.molwa.gov.bd

স্মারক নম্বর: ৪৮.০০.০০০০.০০০.০০২.৪২.০০০১.২৬.২৮

তারিখ: ২৪ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
০৯ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: **'মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৬' উদযাপন উপলক্ষ্যে আলোকসজ্জা না করা প্রসঙ্গে।**

সূত্র: এ মন্ত্রণালয়ের স্মারক নং ৪৮.০০.০০০০.০০০.০০২.২৩.০০০১.২৬.৫০, তারিখ: ০৩/০৩/২০২৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, 'গণহত্যা দিবস ২০২৬' এবং 'মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৬' উদযাপন উপলক্ষ্যে গৃহীত জাতীয় কর্মসূচি সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে মাননীয় মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এঁর সভাপতিত্বে গত ০৮/০৩/২০২৬ তারিখে এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বর্তমান জ্বালানী পরিস্থিতি বিবেচনা করে এ বছর আলোকসজ্জা না করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

২। এমতাবস্থায়, 'মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৬' উদযাপন উপলক্ষ্যে আলোকসজ্জা না করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৯-০৩-২০২৬
শবনম মুস্তারী রিক্তা
উপ সচিব

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ।
২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
৩। সিনিয়র সচিব/সচিব (সকল)।
৪। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, ঢাকা ইলেকট্রিসিটি সাপ্লাই পিএলসি (ডেসকো)।
৫। প্রধান প্রকৌশলী , প্রধান প্রকৌশলীর দপ্তর, গণপূর্ত অধিদপ্তর।
৬। সকল বিভাগীয় কমিশনার।
৭। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)।
৮। জেলা প্রশাসক (সকল) এবং
৯। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

স্মারক নম্বর: ৪৮.০০.০০০০.০০০.০০২.৪২.০০০১.২৬.২৮/১ (৩)

তারিখ: ২৪ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
০৯ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রীর একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
২। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা এবং

নম্বর: ২৩.০০.০০০০.১১০.২৩.০০৩৯.২৬. ৪৩৮

তারিখঃ ০১ চৈত্র ১৪৩২
১৫ মার্চ ২০২৬

বিতরণ (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

১। সেনাসদর, জিএস শাখা, এসডি পরিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
২। পরিচালক, পরিকল্পনা পরিদপ্তর, নৌসদর, বনানী, ঢাকা।
৩। বিমান সদর, কল্যাণ ও অনুষ্ঠান পরিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
৪। কমান্ড্যান্ট, ন্যাশনাল ডিফেন্স কলেজ, মিরপুর সেনানিবাস, ঢাকা।
৫। সভাপতি, ক্যাডেট কলেজ পরিচালনা পরিষদ, ঢাকা সেনানিবাস, ঢাকা।
৬। মহাপরিচালক, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
৭। মহাপরিচালক, সামরিক চিকিৎসা সার্ভিস মহাপরিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
৮। কমান্ড্যান্ট, সামরিক বাহিনী কমান্ড এন্ড স্টাফ কলেজ, মিরপুর সেনানিবাস, ঢাকা।
৯। মহাপরিচালক, প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তর, নতুন বিমান বন্দর সড়ক, ঢাকা।
১০। কমান্ড্যান্ট, বাংলাদেশ সমরাস্ত্র কারখানা, গাজীপুর সেনানিবাস।
১১। কমান্ড্যান্ট, এমআইএসটি, মিরপুর সেনানিবাস, ঢাকা।
১২। কমান্ড্যান্ট, আর্মড ফোর্সেস মেডিক্যাল কলেজ, ঢাকা সেনানিবাস, ঢাকা।
১৩। সিজিডিএফ, সিজিডিএফ এর কার্যালয়, সেগুন বাগিচা, ঢাকা।
১৪। চেয়ারম্যান, স্পারসো, আগারগাঁও, ঢাকা।
১৫। প্রেসিডেন্ট, আন্তঃবাহিনী নির্বাচন পর্ষদ, ঢাকা সেনানিবাস, ঢাকা।
১৬। সার্ভেয়ার জেনারেল, বাংলাদেশ জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
১৭। মহাপরিচালক, বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর অধিদপ্তর, উত্তরা, ঢাকা।
১৮। মহাপরিচালক, সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
১৯। পরিচালক, বাংলাদেশ সশস্ত্র বাহিনী বোর্ড, কাকরাইল, ঢাকা।
২০। পরিচালক, পূর্ত পরিদপ্তর, ই-ইন-সি'র শাখা, সেনাসদর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
২১। মহাপরিচালক, প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয়, ঢাকা সেনানিবাস, ঢাকা।
২২। পরিচালক, গুপ্তসংকেত পরিদপ্তর, শেরেবাংলা নগর, ঢাকা।
২৩। পরিচালক, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২৪। পরিচালক, আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
২৫। অধিনায়ক, এমওডিসি, রাজেন্দ্রপুর সেনানিবাস, গাজীপুর।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো:

১। সচিবের একান্ত সচিব (উপসচিব), প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২। অনুবিভাগ প্রধান (অনুবিভাগ-২)-এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

১৫/০৩/২০২৬

আবু হাসনাত মোঃ মঈনউদ্দিন
উপসচিব
ফোন: ৫৮১৫১৩৭১